R.N N0. 2532/57 | Ph-266228(Press), STD 03483, M-8436330907 P. Regd. No.MSD/05/2010-12

উন্নতমানের পাগ মিল চিমনী ইটের জন্য যোগাযোগ করুন।
ইউনাইটেড ব্রীক্স
ওসমানপুর, পোঃ – জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন নং – 03483-264271
M- 9434637510
পরিবেশ দূষণ মুক্ত করতে বৃক্ষরোপণ করুন। ভু-গর্ভস্থ জলের অপচয় রুখতে বৃষ্টির জল সংরক্ষণ করুন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W.B)
প্রতিষ্ঠাতা – স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং-১২/১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত)
ফোন ঃ ২৬৬৫৬০
রঘুনাথগঞ্জ।। মুর্শিদাবাদ
সোমনাথ সিংহ - সভাপতি
শত্রুঘ্ন সরকার - সম্পাদক

১০০ বর্ষ
৩১শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৬ই পৌষ ১৪২০
১লা জানুয়ারী, ২০১৪
নগদ মূল : ২ টাকা
বার্ষিক ১০০, সডাক ১৮০ টাকা

## ২০১৩-র ফেলে আসা কিছু উল্লেখযোগ্য ঘটনা

**নিজস্ব সংবাদদাতা ঃ** সুভাষদ্বীপে নিরাপত্তা নেই। রঘুনাথগঞ্জ শহরকে দৃষ্টিনন্দনের উদ্যোগ এস.পি–র কোথায় গেল ? পুলিশকে চুপ করিয়ে শহরকে ছিনতাইএর মুক্তাঞ্চল করেছে দুই মোটর সাইকেল আরোহী। সুভাষদ্বীপে মদের আসর চলছেই। ধুলিয়ান পুরসভা এখনও জটিলতার মধ্যেই। জঙ্গিপুরপ্রেমী মহকুমা শাসক পরলোকে। জঙ্গিপুরে মিষ্টির দাম ঘন ঘন বাড়বে কেন ? ফুলতলা বা বাস টার্মিনাসের রাস্তার দু'ধার অবরোধমুক্ত – এটা স্বপ্ন না বাস্তব ! টুটিগঙ্গা সংস্কারে ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের এত অনীহা কেন ? জঙ্গিপুর বইমেলা ২০১৩ দশে শূন্য। জঙ্গিপুর হাইস্কুলে শিক্ষকদের হাতে এক শিক্ষক নিগৃহীত। উচ্চ শিক্ষার প্রয়োজনে সুতী–১ ব্লকে কলেজ নির্মাণের আর্জি। গণবিক্ষোভে উত্তাল সম্মতিনগর – গ্রেপ্তার ৪৫। শহরের নিরাপত্তা আদায়ে নেতাদের মধ্যে কোন প্রতিক্রিয়া নেই। পুর দপ্তরে লোক নিয়োগ এখনও বিশ বাঁও জলে। সাতজনের যাবজ্জীবন কারাদন্ড। পরীক্ষা সেন্টারে মাষ্টারমশায়দের ক্ষমতা। বালিঘাটার ডাকাতিতে ধরা পড়লো এক স্বর্ণ ব্যবসায়ীসহ সাতজন। জলাশয় ভরাটকারীদের পক্ষে এরা কারা ? সারদার প্রতারণায় নিম্নবিত্তদের মধ্যে ভূমিকম্প। পুরসভাকে অন্ধকারে রেখে সুভাষদ্বীপে উন্নয়নের কাজ শুরু। এম.পি ল্যাডের টাকায় সিপিআই–এর ব্যক্তিগত উন্নয়ন –– জঙ্গিপুর পুরসভায় নয়া

(২ পাতায়)

## শেষদিনে সুভাষদ্বীপ একরকম ফাঁকা

**নিজস্ব সংবাদদাতা ঃ** আগের আগের বছরের ২৫ ডিসেম্বরের চোহারা এবার পুর কর্তৃপক্ষকে হতাশ করেছে। ৩০টি পরিবারকে পিকনিক স্পটে দেখা যায়। লোক সমাগম ছিল হতাশাব্যঞ্জক। সারাদিনে ৭০০০ টাকার টিকিট বিক্রী হয়। এ প্রসঙ্গে পুরপতি মোজাহারুল ইসলাম জানান – স্থানীয়দের ভিড় ২৫ ডিসেম্বর হয়নি বললেই চলে। দ্বীপকে আকর্ষণীয় করতে পর্যাপ্ত আলো, অকেজো ফোয়ারাগুলো চালুর ব্যবস্থা, ফুলের বাগানের বিশেষ তদারকি ছাড়া অসম্পূর্ণ কিচেন ও ডাইনিং স্পেস সম্পূর্ণ করার কাজ পুরসভার তদারকিতে চলছে। সুভাষদ্বীপের নিরাপত্তায় ২৫ ডিসেম্বর থেকে ২০১৪ -র পুরো জানুয়ারী মাস পুলিশ মোতায়েনের জন্য থানায় রিকুইজেশন দেয়া হয়েছে। ২৫ ডিসেম্বর ৮ জন পুলিশ সুভাষদ্বীপের দায়িত্বে ছিল। মোজাহারুল বলেন –– রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহর ঘিরে মানি মার্কেটিং সংস্থাগুলো দু'হাতে টাকা রোজগার করেছে।

(শেষ পাতায়)

## ব্লকে ব্লকে যুব উৎসব

**নিজস্ব সংবাদদাতা ঃ** ২৩ ডিসেম্বর থেকে ব্লকে ব্লকে শুরু হয়েছে 'বিবেক- চেতনা' নাম দিয়ে যুব উৎসব। প্রথম দিন রঘুনাথগঞ্জ- ২ নম্বর ব্লকের তেঘরী খামরা ভাবকী হাইস্কুলে এই উৎসবের সূচনা হয়। আমন্ত্রণপত্রে বিডিও বিরাজকৃষ্ণ নাথের নাম না থাকলেও তিনি সভায় উপস্থিত ছিলেন। অন্যদিকে ২ নং ব্লক সভাপতি এবং স্থানীয় তেঘরী গ্রাম পঞ্চায়েত প্রধানের নাম আমন্ত্রণপত্রে থাকলেও তাঁরা কেউই আসেন নি। যে কোন ব্লকের বিডিও প্রশাসনিক প্রধান হিসাবে ঐ উৎসবের সভাপতি থাকেন। বিডিও-র নাম কার্ডে না থাকায় এলাকায় গুঞ্জন ছড়ায়।

## আইনজীবীর জীবনাবসান

**নিজস্ব সংবাদদাতা ঃ** জঙ্গিপুর বারের প্রবীণ আইনজীবী প্রশান্ত কুমার সিনহা (৭০) ২৫ ডিসেম্বর সন্ধ্যেয় তাঁর রঘুনাথগঞ্জ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। স্থানীয় ডাক্তারের ভুল চিকিৎসায় তিনি দীর্ঘ সময় ধরে শ্বাসকষ্টে ভুগছিলেন। তিনি শ্রীরামকৃষ্ণ প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন। তার উদ্যোগে এখানে একটা বিদ্যালয়ও প্রতিষ্ঠা পায়।

## রাজনৈতিক পালাবদলে সিপিএম ব্রাত্য

**নিজস্ব সংবাদদাতা ঃ** রঘুনাথগঞ্জ–১ এবং ২ ব্লকে যুব উৎসব চলছে। সেখানে ব্লক ইয়ুথ অফিসারের উদ্যোগে যে মূল কমিটি তৈরী হয়েছে সেখানে

(৪ পাতায়)


বিয়ের বেনারসী, স্বর্ণচরী, কাঞ্জিভরম, বালুচরী, ইক্কত বোমকায়, পৈটানি, আরিষ্টিচ, জারদৌসী, কাঁথাষ্টিচ গরদ, জামদানী, জ্যাকার্ড, মুর্শিদাবাদ সিল্ক শাড়ী, কালার থান, মেয়েদের চুড়িদার পিস, টপ, ড্রেস পিস, পাইকারী ও খুচরো বিক্রী করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।
ঐতিহ্যবাহী সিল্ক প্রতিষ্ঠান
গৌতম মনিয়া
ষ্টেট ব্যাঙ্কের পাশে [মির্জাপুর প্রাইমারী স্কুলের উল্টো দিকে (এ.সি.)]
পোঃ-গনকর (মুর্শিদাবাদ) ফোনঃ২৬২০৪১/২৬২১৭৬, মোবাইল-৯৪৩৪০০০৭৬৪/৯৩৩২৫৬৯১৯১
।। পেমেন্টের ক্ষেত্রে আমরা সবরকম কার্ডগ্রহণ করি।।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৬ই পৌষ, বুধবার, ১৪২০

## ।। স্বাগত নববর্ষ ।।

একত্রিশ ডিসেম্বরের মধ্য রাত্রির শেষ ঘন্টা বাজিবার সঙ্গে সঙ্গে গির্জায় গির্জায় ঘন্টাবাদ্য নিনাদিত হইয়া নববর্ষের আগমনকে স্বাগত জানানো হইল। ইংরাজী নববর্ষ যদিও এই দেশে বিদেশী, তথাপি তাহার সঙ্গে সম্পর্ক আমাদের দীর্ঘদিনের। দেশীয় নূতন বর্ষের তুলনায় বরং ইংরাজী নববর্ষের সহিত আমাদের জীবনযাত্রা অধিকতর জড়িত। শিক্ষা, আর্থিক, বাণিজ্যিক, এমন কি সমাজের অভিজাত স্তরের সাংস্কৃতিক সংযোগও দেশীয় অপেক্ষা বিদেশীয় নববর্ষের সহিত আমাদের বেশী। সেই কারণেই ইংরেজী নববর্ষকে স্বাগত জানাইতে ঘরে ঘরে উৎসবের আনন্দ জাগিয়া উঠিয়াছে। এই বর্ষাগমনকে আহ্বান করিতে যাইয়া আমরা বিগত বর্ষ আমাদিগকে যেমন দিয়াছে ভাল অনেক কিছুই, তেমনই দুঃখ দুর্দশার আঘাতও হানিয়াছে। বিগত বৎসরের এই সব কথা স্মরণ করিয়া আমরা নূতন বৎসরকে আহ্বান করিয়া প্রার্থনা করি- আমাদের ভাগ্য তোমার শুভ করস্পর্শে উজ্জ্বল হইয়া উঠুক। দূর হউক দুর্ভাগ্যের অন্ধকার। আসুক রাজনৈতিক স্থিতিশীলতা। দূর হউক এই দেশ হইতে ধর্মান্ধতার কালিমা। জাতপাত বর্ণ সম্বন্ধীয় ছুৎমার্গ। মানুষের মনে জাগ্রত হউক শুভবোধ। প্রেম-প্রীতি-ভলোবাসা। আমরা যেন উদ্‌বুদ্ধ হইতে পারি সেই পরম পবিত্র চিন্তাধারায়-

'সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে মোরা পরের তরে।'

## ।। ফিরে দেখা ।।

ইংরাজী নববর্ষের সূচনায় হাড় হিমকরা শীত। ভোরের কুয়াশার চাদর সরিয়ে বিলম্বিত সূর্য। এখানে সবুজ দ্বীপের গাছগাছালিতে শীতের হাওয়ার নাচন। উত্তুরে হাওয়ার শাসন। তালে তালে খসে পড়ছে পাতা। প্রকৃতির বুকে সাজ খসাবার লীলা। বনের কোলে শিউলিফুল ভয়ে মলিন। কারণ, 'এল যে শীতের বেলা বরষ পরে।' মুকুন্দরামের চন্ডীমঙ্গল কাব্যে ফুল্লরার বারমাস্যায়ঃ

'পৌষে প্রবল শীত, সুখী জগজনে।
তৈলতূলা তনূনপাৎ তাম্বুল তপনে।।
কর যে সকল লোক শীত নিবারণ।।
অভাগী ফুল্লরা মাত্র শীতের ভাজন।।'

প্রসঙ্গত মনে পড়ে যায় রবীন্দ্রনাথকে

'হে সন্ন্যাসী,
হিমগিরি ফেলে নীচে নেমে এলে কিসের জন্য।
কুন্দমালতী করিছে মিনতি, হও প্রসন্ন।।
যাহা কিছু ম্লান বিরসজীর্ণ দিকে দিকে দিলে করি
বিকীর্ণ বিচ্ছেদভারে বনচ্ছায়ারে করে বিষন্ন--
হও প্রসন্ন।'

এই সন্ন্যাসীর ভয়ানক দাপট। জরায়ু বিদীর্ণ করে শোণিত রেখার মত শীতের তীব্র হিমেল বাতাস। এক টুকরো রোদের আশায় শীতবস্ত্রহীন মানুষেরা রাস্তায়। সূর্যের উত্তাপে নিজেকে তাতানো। তাই ভালো লাগে যখন মাটির আঁচলে 'রোদের সোনা ছড়িয়ে পড়ে'। বন্ধ্যা নারীর মত শীতের ধান কেটে নেওয়া মাঠ। এই মাঠে নেমে আসে ঝুপ ঝুপ শব্দ করে কত নাম না জানা শীতের পাখি। খেজুর গাছে ঝোলানো মাটির হাঁড়ি। সেখানে নিঃশব্দে জমা হয় গাছের যন্ত্রণায় মধুর রস। স্তন্যদাত্রী মা যেমন শিশু তার স্তনে দংশন করলেও স্তন্য দান থেকে বিরত হননা ঠিক তেমনি। এভাবেই শুরু হল নতুন বছর। জন্ম নেবে নতুন নতুন প্রাণ। নতুন নতুন সৃষ্টি। নতুন নতুন কর্মযজ্ঞ। সকলের সঙ্গে হাতে হাত মিলিয়ে পথ চলা হোক শুরু। অশুভ - অন্যায় এগুলিকে পদদলিত করে নতুন বছরের রথের রশিতে পড়ুক টান। মানুষ যেন মানুষের জন্যই হয়।

-মণি সেন

## পাশ -ফেল

শীলভদ্র সান্যাল

হায়! হায়! এ কী দেখি, মনে লাগে ধন্দ
ইস্কুলে হৈ চৈ, নাহি তাই সন্দ
ছোটাছুটি, হাতাহাতি, রৈ রৈ চীৎকার
গলা উঁচু ক'রে কারা কাকে দেয় ধিক্‌কার
খোঁজ নিতে ঘটনাটা বোঝা গেল পষ্ট
পাশের তালিকা হ'তে যারা হল ভ্রষ্ট
অর্থাৎ যারা কি না ফেল - করা ছাত্র
তারা কেন হবে অনুকম্পার পাত্র ?
তাই তারা এল সব দল-বল জুটিয়ে
দিনভর ঝগড়াটা করল যে চুটিয়ে
ক্রমে ক্রমে দাপটের মাত্রাটা চড়লো
ইস্কুলপ্রধানকে সব চেপে ধরলো
ছাড়লেনা কেউ পাশ করানোর পণটা
রাখলে ঘেরাও ক'রে পাকা ষোল ঘন্টা
অন্য টীচারদের ক'রে তালাবন্ধ
বজায় রাখলে মান, নাই তায় দ্বন্দ্ব!
তলিয়ে দেখলে পরে, এ-কথাতো সত্যি
দলে-দলে যারা হ'ল ইস্কুলে ভর্তি
একদল হবে পাশ, একদল ফেল কি ?
পরীক্ষকের কিছু আছে আক্কেল কি ?
এ-কথাটা মনে মনে করেছ কি গণ্য ?
পরীক্ষা-সে কি ফেল করানোর জন্য ?
অতএব ঝুঁকি নেবে, এমন কে ধৃষ্ট ?
বেয়াদপি করেছ কি বাঁচবেনা পৃষ্ঠ!
তাই যদি ভালো চাও, বলে রাখি পষ্ট
কখনও নামের পাশে দিয়োনাকো ক্রশ তো!
উল্টো-পাল্টা হ'লে, দেব এক রদ্দা
খড়গ্‌পুর হ'তে সোজা চলে যাবে খড়দা।।


## ২০১৩ ..................(১ম পাতার পর)

নজির। মানি মার্কেটিং সংস্থাগুলো এখন মানিবিহীন ধুঁকছে, র‍্যামেলের ম্যানেজার সহ ৩২জন থানায়। সুতীর বিধায়ক পুলিশের লাঠিতে ও সাংবাদিকরা কংগ্রেসীদের আক্রমণে হাসপাতালে। এস.ডি.ওর অবাধ মেলামেশার ফায়দা তুলতে গিয়ে বিপাকে। জঙ্গিপুর ট্রেজারী থেকে পরপর বিল হাপিস হয়ে গেলেও অফিসার নিষ্ক্রিয়। বিদ্যুৎ লাইনের কাজে ক'জন ঠিকা শ্রমিক পি.এফ ব অন্যান্য সুবিধা পাচ্ছেন - তদন্ত প্রয়োজন। ধুলিয়ানে পুর এলাকায় মিডডে মিল বন্ধ প্রায় পাঁচ মাস। ইলু চৌধুরীর গ্রেপ্তারে কংগ্রেসে হতাশা। এম.এল.এর বিরুদ্ধে আর্থিক দুর্নীতির অভিযোগ আনলেন ঠিকাদাররা। নিজেদের খেয়োখেয়িতে ধুলিয়ান পুরসভায় কোন ট্যাক্স আদায় হয় না। দুর্নীতি ঠেকাতে জঙ্গিপুর হাসপাতালে মাইকে সতর্ক করা হচ্ছে প্রতিনিয়ত। অবসরের প্রাক্‌কালে জঙ্গিপুর কলেজের প্রিন্সিপ্যালের তুঘলকি শেষ পর্যায়ে। বাস পোড়ানোতে ছাত্র মৃত্যুর ঘটনা ফ্যাকাসে। শেষে হাই কোর্ট থেকেও জামিন পেলেন না মুনির। রঘুনাথগঞ্জ থেকে এবার চিট করে নিয়ে গেল প্রায় ৫ কোটি। বহু প্রতীক্ষিত পরীক্ষায় বসলেন ২৫০০ প্রার্থী। পদ্মার জলোচ্ছ্বাসে বহু গ্রাম প্লাবিত। পুলিশের ক্ষমতার অপব্যবহারে এলাকার মানুষ স্তম্ভিত। সাগরদীঘিতে কলেজ ছাত্রদের বেপরোয়া নোংরামি চলছেই। অচেনা মুখের ভিড়ে হারিয়ে যাচ্ছে জঙ্গিপুরের নিরাপত্তা। আধার কার্ড ঘিরে মানুষের হয়রানি বচসা - দায়িত্বপ্রাপ্ত কর্মীর গালে কাউন্সিলারের চড়। ভাগীরথী সেতু বিপন্ন - পূর্ত দপ্তরের ঘোষণা একান্তই ন্যাকামি। এই ধরনের দাদাগিরির তদন্ত প্রয়োজন। নগরের নিরাপত্তায় ব্যর্থ নগরপালেরা। ব্যাভিচারের অভিযোগে অধ্যক্ষ পুত্র হাজতে। তৃণমূল নেতার মদতে মাটি মাফিয়াদের আক্রমণে প্রাণ গেল এক পুলিশের। আলুর পরে নুন। মাধ্যমিক টেষ্ট পরীক্ষার ভূগোল প্রশ্নপত্র ফাঁস। জালিয়াতির দায়ে অভিযুক্ত জঙ্গিপুর বারের আইনজীবী আপাতত জামিন পেলেন। রাষ্ট্রপতি প্রণববাবু মানুষের দুর্ভোগ বাড়াতে আর জঙ্গিপুরে আসবেন না। আগুনে পুড়ে গেল ভাগীরথী ব্রীজের জঙ্গিপুর পারের কিছুটা অংশ। শিশুশিক্ষার ৪০ অনূর্ধ শিক্ষিকাদের নিয়ে চিন্তিত জঙ্গিপুর পুরসভা। ব্রীজ ভেঙে যাক, জাতীয় সম্পত্তি নষ্ট হোক - টিকে থাকুক আমলাদের চাকরী আর নেতাদের রাজনীতি।

## অধ্যাপিকার স্মরণসভা

**নিজস্ব সংবাদদাতা ঃ** সদ্য প্রয়াত জঙ্গিপুর কলেজের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপিকা ইন্দ্রাণী ঘোষের স্মরণসভা হয়ে গেল ২২ ডিসেম্বর রঘুনাথগঞ্জ ভাগীরথী লজে। সেখানে ইন্দ্রাণী দেবীর আত্মীয়স্বজন বাদে কলেজের অধ্যাপক ও স্থানীয় মানুষজন উপস্থিত ছিলেন। অধ্যাপিকার ২৬ বছরের কর্মময় জীবনের নানা দিক নিয়ে সেখানে আলোচনাও হয়।

# স্মরণে



*"Get in good shape. Feel fit & Healthy*
*Then*
*You add speed in your life honestly"*

**দেবীরতন নাথ**
জন্ম ২৭/৬/১৯২৮
মৃত্যু ৭/১/২০০৯

**সবিতা নাথ (গীতা)**
জন্ম ২৯/৪/১৯৩৫
মৃত্যু ৩০/৯/১৯৯৭

"তোমাদের দেওয়া এই বাণী .....
আমাদের চলার পথে আজও স্মরণ করে
চলার চেষ্টা করছি ।।"

**স্বর্ণকমল রত্নালঙ্কার এ্যান্ড সন্ এর**
পরিবারবর্গ ও সকল কর্মীবৃন্দ
হরিদাসনগর * কোর্ট মোড় * রঘুনাথগঞ্জ * মুর্শিদাবাদ
মো:- ৯৪৭৫১৯৫৯৬০, ৯৮০০৮৮৯০৮৮
E-mail : Nilratan Nath.Msd@ gmail.com
Nilratan.Nath@ yahoo .in
Fax- 03483- 267814

## রঘুনাথগঞ্জে শেরিফ সংবর্ধনা

**নিজস্ব সংবাদদাতা ঃ** রঘুনাথগঞ্জ ডাক বাংলো হলে গত ২২ ডিসেম্বর এক মনোজ্ঞ অনুষ্ঠানে বঙ্গীয় যাদব মহাসভার মুর্শিদাবাদ জেলা শাখার সঙ্গে জঙ্গিপুর বঙ্গীয় যাদব মহাসভা শাখা কলকাতার শেরিফ ডাঃ স্বপন কুমার ঘোষকে সংবর্ধনা জানায়। মুর্শিদাবাদ ও মালদহ জেলা থেকে প্রায় পাঁচশো যাদব প্রতিনিধি সেখানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বহুতালি হাইস্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক তুষারকান্তি ঘোষ। উল্লেখ্য, ডাঃ স্বপন কুমার ঘোষ একজন খ্যাতনামা চিকিৎসক, সাহিত্যিক ও বিশিষ্ট সমাজসেবী। তিনি মুর্শিদাবাদের বেলডাঙ্গায় জন্মগ্রহণ করেন। এর আগে এই জেলা থেকে কাশিমবাজারের মহারাজা শ্রীশচন্দ্র নন্দী ও লালগোলার মহারাজা বীরেন্দ্র কুমার রায় ঐ পদ অলংকৃতও করেন।

## সিপিএম ব্রাত্য ............................(১ম পাতার পর)

পুরসভার চেয়ারম্যান বা ব্লক সভাপতিকে রাখা হয়নি। সিপিএম সমর্থিত বোর্ড বলেই তাদের প্রতি এই অবহেলা বলে তারা কোন অনুষ্ঠানেই যাননি। পাশাপাশি জঙ্গিপুর পি.ডাবলু.ডি মাঠে এস.বি.এস এ এবং মর্নিং স্টার ক্লাবের উদ্যোগে ২৬ থেকে ৩১ ডিসেম্বর পুষ্প প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা ছিল। উদ্বোধনী অনুষ্ঠানে সিপিএম নেতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য, পুরপতি মেজাহারুল ইসলাম, জেলা পরিষদের প্রাক্তন কর্মাধ্যক্ষ সোমনাথ সিংহ রায়ের নাম আমন্ত্রণ পত্রে উল্লেখ থাকলেও অনুষ্ঠানে কেউই উপস্থিত ছিলেন না। সম্পূর্ণ অনুষ্ঠান পরিচালনা করেন তৃণমূল নেতারা।

## সারদা মায়ের ১৬১ তম জন্মতিথি

**নিজস্ব সংবাদদাতা ঃ** সারদা মায়ের ১৬১ তম জন্মতিথি উপলক্ষে ২৪ ডিসেম্বর বাণীপুরে প্রভাতফেরী, সারদা শিক্ষা নিকেতনের নতুন ভবন উদ্বোধন এবং সেখানে নির্মিত সারদা মায়ের মূর্তিতে মালা দেয়া হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বেলুড় মঠের প্রাক্তন মহারাজ দয়াময়নন্দজী মহারাজ। সল্টলেক মিশনের সদস্য অমিতাভ পারুই সেখানে প্রধান বক্তা ছিলেন। এছাড়া বেলুর মঠ আশ্রমের সদস্যদের দিয়ে শ্রী মায়ের রচিত গান পরিবেশন করা হয়। উদ্যোক্তাদের মধ্যে ছিলেন অমিত পান্ডে, বিজয় মুখার্জী, রামকৃষ্ণ দাস প্রমুখ।

## তৃণমূলের যুব ছাত্র সম্মেলন

**নিজস্ব সংবাদদাতা ঃ** সামসেরগঞ্জ ব্লকের বাসুদেবপুরে তৃণমুলের ব্লক ছাত্র সম্মেলন হয়ে গেলে ২০ ডিসেম্বর। প্রায় আটশো ছাত্র ছাত্রী সম্মেলনে যোগ দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা যুব তৃণমুলের সভাপতি অনুব্রত ঘোষ।

## সুভাষদ্বীপ ......................................(১ম পাতার পর)

তাদের একটা বড় অংশ সুভাষদ্বীপকে কয়েক বছর চনমনে করে রেখেছিল। এবার তার বিপরীত ছবি। তাই চার চাকার ভিড় ভাগীরথী তীরকে ব্যস্ত করতে পারেনি। তবুও এবার ওল্ড মালদা পুরসভার স্টাফেরা ছাড়া নদীয়া ও মুর্শিদাবাদের বিভিন্ন প্রান্ত থেকে বেশ কিছু পরিবার পিকনিক করেন। উল্লেখ্য, গত বছর সেখানে কালী মন্দিরের সামনে কয়েকজন মদ্যপ যুবকের আক্রমণে লাঞ্ছিত হন বালিঘাটা এলাকার জনৈক হোমগার্ড আলি সেখ ও তার পরিবার। মেয়েদের গায়ে হাত দিতে উদ্যত হলে আলি বাধা দেন। জেনারেটরের হ্যান্ডেলে আলির মাথা ফাটিয়ে দেয় হামলাকারীরা। পরে পুলিশ এসে কয়েকজনকে আটক করে। গতবারের নিরাপত্তাহীনতার কারণে এবার লোক সমাগম হ্রাস পেয়েছে বলেও অনেকের ধারণা।


অত্যাধুনিক স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তার মোড়কে

হোটেল ইন্ডিগো

(রঘুনাথগঞ্জ বাস স্ট্যান্ডের সন্নিকটে)

পোঃ-রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ফোন-০৩৪৮৩/২৬৬০২৩

আমাদের প্রচুর স্টক

মাঘ-ফাল্গুনের বিয়ের কার্ড নিতে সরাসরি চলে আসুন

নিউ কার্ডস ফেয়ার

দাদাঠাকুর প্রেস

রঘুনাথগঞ্জ (ফোন : ২৬৬২২৮)

মহেন্দ্রলাল দত্তের ছাতা

প্রসিদ্ধ মহেন্দ্রলাল দত্তের ছাতা, ব্যাগ ও রেন কোট এখন কোলকাতার দামে এখানেও পাবেন।

পরিবেশক : চন্দ্রস্ সিন্ডিকেট

রঘুনাথগঞ্জ পন্ডিত প্রেসের মোড়





জঙ্গিপুরের গর্ব

আমাদের প্রতিষ্ঠান দুপুরে বন্ধ থাকে না।

জঙ্গীপুর গিনি হাউস

শীততাপনিয়ন্ত্রিত শোরুম

গহনা ক্রয়ের উপের ১২ মাস টাকা জমিয়ে ১ কিস্তি ফ্রি পাওয়া যা।

আপনার প্রিয় শহর রঘুনাথগঞ্জ (দরবেশপাড়া), মুর্শিদাবাদ, Mob-9434442169 /9733893169


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ- রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন - ৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।